# ফির্‌কাহ নাজিয়া

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ভূমিকা

إن الحمد لله نحمده و نستعينه ونستغفره ونعوذ بالله من شرور أنفسنا ومن سيئات أعمالنا من يهده الله فلا مضل له ومن يضلل فلا هادي له وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له و أشهد أن محمدا عبده ورسوله، أما بعد

অত্র পুস্তিকাটি কয়েকটি গুরুত্বপূর্ণ ও বিভিন্নমুখী গবেষণা-প্রবন্ধের সমষ্টি, যা সকল মুসলিমকে নির্ভেজাল তওহীদের আকীদার (একত্ববাদের বিশ্বাসের) প্রতি আহ্বান করে এবং অধিকাংশ ইসলামী রাষ্ট্রসমূহে প্রচলিত শির্ক হতে সুদূরে থাকতে আবেদন করে। যে শির্ক পূর্ববর্তী জাতিসমূহের ধ্বংসের এবং বর্তমান পৃথিবীর দুর্গতি ও দুর্দশার মূল কারণ। বিশেষ করে মুসলিম জাহান যার কারণে শতমুখী বিপদ, দূরবস্থা, যুদ্ধ ও বিশৃঙ্খলার সম্মুখীন।

এই গবেষণামূলক প্রবন্ধ ও বিষয়াবলী ফির্কাহ নাজিয়াহ অ তায়েফাহ মনসূরাহ’ (মুক্তি প্রাপক দল এবং সাহায্যপ্রাপ্ত জামাআত)এর আকীদাহ ও বিশ্বাস স্পষ্টাকারে বিবৃত করবে- যেমন হাদীসে নববীতে বর্ণিত হয়েছে। যাতে জগদ্বাসীর জন্য সত্য পথ আলোকিত ও স্পষ্ট হয়ে উঠে এবং তারা মোক্ষ ও সাহায্যপ্রাপ্ত হতে পারে। ইনশা-আল্লাহ।

আল্লাহর নিকটেই প্রার্থনা করি, যেন তিনি এই পুস্তিকা দ্বারা সমগ্র মুসলিম জাতিকে উপকৃত করুন এবং তা একমাত্র তার সন্তুষ্টির জন্য বিশুদ্ধ করুন।

মুহাম্মদ বিন জামীল যইনু।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন